কানাইঘাট সরকারি উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা সম্পন্ন

কানাইঘাট প্রতিনিধি :
ঐতিহ্যবাহী কানাইঘাট সরকারি উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরনী অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ১১টায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যান্যার্জি। এ সময় তিনি আনুষ্ঠানিক ভাবে জাতীয় পতাকা উত্তোলন এবং স্কুলের শিক্ষার্থীদের অংশ গ্রহনে মনোঙ্গ কুচকাওয়াজের সালাম গ্রহন করেন। স্কুলের প্রধান শিক্ষক মখলিছুর রহমানের সভাপতিত্বে ও সহকারী শিক্ষক সাবিনা ইয়াছমিনের

উপস্থাপনায় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কানাইঘাট সার্কেলের এএসপি আব্দুল করিম, স্কুলের সহকারি প্রধান শিক্ষক হোসেন আহমদ, কানাইঘাট প্রেসক্লাবের সাধারন সম্পাদক নিজাম উদ্দিন, দপ্তর সম্পাদক মুমিন রশিদ সহ স্কুলের অভিভাবক বৃন্দ। দিন ব্যাপী বিভিন্ন ইভেন্টের খেলা ধুলার সার্বিক তদারকীতে ছিলেন স্কুলের সহকারী শিক্ষক আব্দুস শাকুর সহ শিক্ষকবৃন্দ। বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার অনুষ্ঠানে উপজেলা নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জি ঐতিহ্যবাহী কানাইঘাট সরকারি উ”চ বিদ্যালয়ে লেখা পড়ার সুনাম ধরে রাখার পাশাপাশি সাংস্কৃতিক ও খেলা ধুলায় শিক্ষার্থীদের কে আরো গৌরব উজ্জল ভূমিকা রাখার আহ্বান জানান।